কালের কণ্ঠ

তারিখ 06 OCT 2016
পৃষ্ঠা ৬ কলাম ৬




পরীক্ষার প্রশ্নপত্রে অতিরিক্ত সৃজনশীল বাতিলের দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় গতকাল বিক্ষোভ মিছিল বের করে 'ঢাকা ছাত্রসমাজ'।

ছবি : কালের কণ্ঠ

# সৃজনশীল প্রশ্ন নিয়ে শিক্ষাবিদদের মতামত নেবে মন্ত্রণালয়

**নিজস্ব প্রতিবেদক ▷**

এসএসসি-এইচএসসি পরীক্ষায় এমসিকিউ কমিয়ে সৃজনশীল প্রশ্ন বাড়ানোর প্রতিবাদে শিক্ষার্থীদের আন্দোলনের পরিপ্রেক্ষিতে আবারও শিক্ষাবিদ ও বিশেষজ্ঞদের মতামত নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। আগামী রবিবার সকালে শিক্ষা মন্ত্রণালয়ে দেশের বিশিষ্ট শিক্ষাবিদদের সঙ্গে বৈঠক করবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। বৈঠক শেষে শিক্ষামন্ত্রী সংবাদ সম্মেলন করে সিদ্ধান্ত জানাবেন। এ প্রসঙ্গে শিক্ষামন্ত্রী বলেন, 'বিশেষজ্ঞদের পরামর্শের ভিত্তিতেই সৃজনশীল পদ্ধতি চালু করা হয়েছে। তারাই পরামর্শ দিয়েছেন এমসিকিউ প্রশ্ন তুলে দেওয়ার। কিন্তু আমরা সরাসরি সেটা না করে এমসিকিউতে ১০ নম্বর কমিয়েছি। সে সিদ্ধান্ত এক বছর আগেই জানিয়ে দেওয়া হয়েছে, যা কার্যকর হবে আগামী বছর। এখন কিছু শিক্ষার্থী বিষয়টি না বুঝেই আন্দোলন করছে। এ পরিপ্রেক্ষিতে আবার বিশেষজ্ঞদের সঙ্গে বসার সিদ্ধান্ত নিয়েছি। তাদের মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।'